বাংলাদেশ কৃষিব্যাংক
মুখ্য আঞ্চলিক কার্যালয়, রাজবাড়ী।
Email: crmrajbari@krishibank.org.bd
টেলিফোনঃ-০২-৪৭৮৮০৭৪৬৯

**বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত অংশীজনের অংশগ্রহণে তৃতীয় ত্রৈমাসিক কমিটির সভায় মতামত ও গৃহীত সিদ্ধান্ত ।**

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজবাড়ী মুখ্য অঞ্চলের অংশীজনের অংশগ্রহণে চতুর্থ ত্রৈমাসিক সভা অদ্য ২৬-০৬-২০২৪ খ্রীঃ তারিখ রোজ বুধবার বিকাল ৩.৩০ ঘটিকার সময় মুখ্য আঞ্চলিক কার্যালয়ে মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপকের অফিস কক্ষে অনুষ্ঠিত হয় । সকল সদস্য, রাজবাড়ী শাখার ব্যবস্থাপক, একজন মাঠকর্মী ও একজন সম্মানীত গ্রাহকের উপস্থিতিতে সভায় সভাপতিত্ব করেন জনাব মুহাম্মদ তাইবুর রহমান, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, রাজবাড়ী ।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত অংশীজনের অংশগ্রহণে চতুর্ত ত্রৈমাসিক সভায় আলোচনা শেষে নিম্লোক্ত বিষয়/কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

সিদ্ধান্ত বাস্তবায়ন ঃ

ক) শাখার রেমিটেন্স সেবা প্রদানের ক্ষেত্রে একটি রেজিষ্টারে সেবা গ্রহীতার সকল তথ্য সন্নিবেশের মাধ্যমে ডাটাবেজ তৈরি করা হয়েছে।
খ) সকল শাখার অধীন সকল গ্রাহকদের অংশগ্রহনে অর্থিক স্বাক্ষরতা দিবস পালন করা হয়েছে।
গ) গ্রাহক হয়রানি ও দুর্নীতি নিরসনের জন্য ঋণ নথি প্রক্রিয়াকরণের কাজ ব্যাংক কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। ঋণ গ্রহণে আগ্রহী ব্যক্তির সঙ্গে আলোচনার পর ঋণ যোগ্য বিবেচিত হলে প্রথমেই প্রয়োজনীয় কাগজপত্রের একটি তালিকা ধরিয়ে দিতে হবে। একেকবার একেকটি দলিল/কাগজের জন্য বলা যাবে না বা বারে বারে তাদের পারিবারিক/ব্যবসায়িক/কৃষি কাজের ক্ষতি করে ব্যাংকে আসার জন্য বলা যাবেনা। ঋণের মুল্যযুক্ত ফরম বিক্রয়, ঋণ প্রক্রিয়াকরণ ফি, সিআইবি ফি ইত্যাদি সকল প্রকার ব্যাংক ফি ও ভ্যাট যথাযথ ভাউচারের মাধ্যমে গ্রহণ করতে হবে। এ সংক্রান্ত কোন ফি মাঠকর্মীগণ হাতে নগদ গ্রহণ করবেন না। ঋণ মঞ্জুরীর পর দ্রুততম সময়ের মধ্যে দলিলায়ন, বন্ধকী জমির তল্লাশিকরণ কাজ সম্পাদন করতে হবে। দলিলায়নের খরচে স্বচ্ছতা বজায় রাখতে হবে। কোন ভাবে ভুল হিসাব দিয়ে বিভিন্ন অজুহাতে অতিরিক্ত টাকা নেয়া যাবে না।
ঘ) বিকেবি, রাজবাড়ী শাখার সম্মানীত সিএমএসএমই ঋণ গ্রহীতা জনাব পংকজ বলেন আমার বাব ২০১২ সালে ১০০০০/-টাকা ঋণ নেন কৃষি ব্যাংক থেকে সেই থেকে আজ আমার ঋণের পরিমান ২০.০০ লক্ষ টাকায় দাড়িয়েছে এতে করে আমি আমার ব্যবসা সম্প্রোসারণ করেছি । বর্তমানে গ্রাহক সেবা পেতে কোন রকম হয়রানির সম্মুক্ষীন হতে হয় না। শাখার সার্বিক কার্যক্রম ও পরিবেশ ভাল।
ঙ) শ্রীপুর শাখার ব্যবস্থাপক জনাব মোহাম্মদ কামরুল হাসান জানান আমার দায়িত্ব গ্রহণ কালে শাখাটি লস করলেও শাখার কর্মকতা-কর্মচারীদের অক্লান্ত পরিশ্রম অব্যহত থাকলে পরবর্তী অর্থ-বছরে শাখাটি লাভজনক পর্যায়ে উন্নীত হবে বলে আশা প্রকাশ করেন।

**সিদ্ধান্তঃ**
ক) আগামী ৩০.০৬.২০২৪ খ্রিঃ তারিখের বার্ষিক হিসাব সমাপনীর সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে।
খ) শাখার সকল খেলাপী ঋণ গ্রহিতাদের সাথে দ্বি-পাক্ষীক আলোচনার মাধ্যমে খেলাপী ঋণ সমুহ আদায় নিশ্চিৎ করতে হবে,প্রয়োজনে উর্ধ্বতন কতৃপক্ষের অনুমতি গ্রহন করে মামলা দায়ের করতে হবে।আরো সিদ্ধান্ত গৃহিত হয়যে নতুন করে আর কোন লোন যেনো খেলাপী না হয়ে পড়ে,সে বিষয়ে সতর্ক দৃষ্টি রাখতে হবে।
গ) শাখার গ্রাহকদের মধ্যে ডেবিট কার্ড বিতরণ নিশ্চিৎ করে আধুনিক ব্যাংকিং এ আগ্রহী করে তুলতে হবে।
ঘ) রেমিটেন্স ডাটাবেজ প্রস্তুত করে রেমিটেন্স গ্রাহকদের স থে সার্বক্ষনিক যোগাযোগের মাধ্যমে রেমিটেন্স এর প্রবাহ বৃদ্ধি করতে হবে।
ঙ) সবশেষে অত্র সভার আহ্বায়ক ও মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক বলেন,বর্তমান প্রতিযোগিতা মুলক ব্যাংকিং সেক্টরে কর্পোরেট আচরণের কোন বিকল্প নাই। কর্পোরেট কালচার তৈরির লক্ষে শাখার সার্বিক পরিবেশ উন্নোয়ন, কর্মকর্তা-কর্মচারীদের মার্জিত ও রুচিসম্মত পোশাক পরিধান, গ্রাহকদের সাথে মার্জিত আচরণে গুরুত্ব প্রদান করেন। শাখা সমুহে কর্পোরেট ক্যালচার সৃষ্টির মাধ্যমে শতভাগ গ্রাহক সেবা প্রদানের মাধ্যমে শাখা সমুহকে লাভজনক পর্যায়ে উন্নিত করার পরামর্শ প্রদান করেন। আর কারো কোন বক্তব্য না থাকায় তিনি সভার মুলতবি ঘোষনা করেন।

২৬.০৬.২৪
(এ,কে,এম, রবিউল হোসেন)
সদস্য, আঞ্চলিক নৈতিকতা কমিটি
ও
সহকারী মহাব্যবস্থাপক

২৬/০৬/২৪
(মনিকা সাহা)
সদস্য, আঞ্চলিক নৈতিকতা কমিটি
ও
উঃ মুখ্য কর্মকর্তা

২৬/০৬/২৪
(মোছাঃ আয়েশা খাতুন)
সদস্য, আঞ্চলিক নৈতিকতা কমিটি
ও
উঃ কর্মকর্তা

(মোঃ আকবর আলী বিশ্বাস)
সদস্য, আঞ্চলিক নৈতিকতা কমিটি
ও
কর্মকর্তা

26.06.24
(জনাব মোঃ নাজমুল হক)
সদস্য, আঞ্চলিক নৈতিকতা কমিটি
ও
কর্মকর্তা

26.06.24
( মোঃ রাশেদুল ইসলাম)
সদস্য সচিব, আঞ্চলিক নৈতিকতা কমিটি
ও মুখ্য কর্মকতা

২৬/০৬/২০২৪
মুহাম্মদ তাইবুর রহমান
আহ্বায়ক, আঞ্চলিক নৈতিকতা কমিটি
ও
মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ
০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-০১ ও ০২ মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর (প্রশাসন মহাবিভাগ), বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। ষ্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়, ফরিদপুর।
০৫। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ফরিদপুর।
০৭। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, রাজবাড়ী।
০৮। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজবাড়ী মুখ্য অঞ্চল, রাজবাড়ী।
০৯। অফিস নথি।